

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ শাখা-২
www.mhapsd.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৫.০০৪.০০৭.১৬-৪৩৫

তারিখ- ২৯ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
১২ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিতব্য International Association of Women police (IAWP) Conference এ অংশগ্রহণের
নিমিত্ত পুলিশ কর্মকর্তাদের অস্ট্রেলিয়া গমনের অনুমতি প্রদান।

সূত্রঃ পুলিশ অধিদপ্তর এর স্মারক নং- ট্রেনিং/২৪-২০১৪(অংশ-১)/ICTAP/৯৬১, তারিখ-৩১/০৫/২০১৭

মহোদয়,

আদিষ্ট হয়ে আগামী ১৭-২১ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ সময়ে অস্ট্রেলিয়ায় International Association of Women police (IAWP) Conference এ যোগদানের নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তাদের অনুকূলে অস্ট্রেলিয়া গমনের সরকারী অনুমতি জ্ঞাপন করছিঃ

ক্রঃ নং	নাম ও পদবী	মন্তব্য
০১	জনাব মিলি বিশ্বাস, ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকা	মুখ্য কর্মকর্তা
০২	জনাব সালমা সৈয়দ পলি, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা	
০৩	জনাব রৌশন আরা বেগম, ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকা	বিকল্প কর্মকর্তা

শর্তাবলীঃ

- আলোচ্য কনফারেন্সে অংশগ্রহণের যাবতীয় ব্যয়ভার আয়োজক সংস্থা বহন করবে। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই।
- তাদের বিদেশে অবস্থানকাল (যাতায়াতের ট্রানজিট সময়সহ) কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।
- তারা কনফারেন্সে অংশগ্রহণের জন্য বেতন ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- তারা আগামী ১৬ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং কনফারেন্স শেষে আগামী ২২ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা প্রত্যাবর্তন করবেন। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তারা বিদেশে অবস্থান করতে পারবেন না।
- বিদেশ হতে প্রত্যাবর্তনের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তারা পুলিশ শাখা-০২, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বর্ণিত বিষয়ের উপর একটি প্রতিবেদন পেশ করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বঃ

ফারজানা জেসমিন
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৬৩৩৯ (অঃ)।

নং-৪৪.০০.০০০০.০৯৫.০৪.০০৭.১৬-৪৩৫/১(১০)

তারিখ- ২৯ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
১২ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। বর্ণিত সফরের জন্য সংশ্লিষ্ট দেশের ভিসা প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় নোট ভারব্যাল জারীর নিমিত্ত বিশেষভাবে অনুরোধ জানানো হলো (সত্যায়িত নোটশীটের ছায়ালিপি সংযুক্ত)।
- ২। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপ-সচিব, পুলিশ-১ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১০। জনাব.....।

ফারজানা জেসমিন
সিনিয়র সহকারী সচিব